**THE STATE EDUCATION DEPARTMENT** / THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234

Jhone M. Ebert, Senior Deputy Commissioner for Education Policy
Education Building, Room 2M EB (518) 474-3862
89 Washington Avenue
Albany, NY 12234
jhone.ebert@nysed.gov

27 ফেব্রুয়ারি 2017

প্রাপক: ডিস্ট্রিক্ট বা জেলা সুপারিন্টেন্ডেন্টগণ
সরকারী স্কুলের সুপারিন্টেন্ডেন্টগণ
সরকারী স্কুলের প্রিন্সিপালগণ
বেসরকারী এবং চার্টার স্কুলের প্রশাসকগণ

প্রেরক: ঝোন এম. ইবার্ট, সিনিয়র ডেপুটি কমিশনার

বিষয়: সাম্প্রতিক আভিবাসন-সংক্রান্ত পদক্ষেপের পরিপ্রেক্ষিতে স্কুলে হয়রানি, সহপাঠীদের দ্বারা অত্যাচার (বুলিং) এবং বৈষম্যের বিরুদ্ধে লড়াই করা বিষয়ে লভ্য নির্দেশিকা ও সহায়তাগুলি

সাম্প্রতিক সপ্তাহগুলিতে, সংবাদ মাধ্যমে স্কুলে সহপাঠী দ্বারা অত্যাচার (বুলিং), বৈষম্য এবং হয়রানির খবর উঠে এসেছে। এছাড়াও সম্প্রতি ফেডেরাল বা কেন্দ্রীয় আমলারা অভিবাসন সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করেছেন, যা দেশজুড়ে ভয় ও আতঙ্কের পরিবেশ সৃষ্টি করেছে। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ("NYSED" বা "ডিপার্টমেন্ট") আমাদের ছাত্র-ছাত্রীরা যে স্কুলের পরিবেশে পড়াশুনো করতে আসে, সেই পরিবেশের বিঘ্নসৃষ্টিকারী যে কোনো পদক্ষেপের কড়াভাবে মোকাবিলা করে থাকে। নিউ ইয়র্ক রাজ্যে, অ্যাডভোকেট, বাবা-মা, এবং স্কুলের কর্মী ডিপার্টমেন্টকে অনুরোধ জানিয়েছে যে বর্তমানে জারী থাকা নির্দেশিকা ও রিসোর্সগুলিকে সম্প্রসারণ করতে যাতে হয়রানি, সহপাঠী দ্বারা অত্যাচার (বুলিং) এবং বৈষম্যের মোকাবিলা করা যায় এবং তা ছাড়াও প্রচেষ্টা বাড়াতে পারা যায় যাতে স্কুলে ইতিবাচক পরিবেশ রাখা যায় ডিগনিটি ফর অল স্টুডেন্টস অ্যাক্ট (সকল ছাত্রের মর্যাদা আইন) ("DASA" অথবা "ডিগনিটি অ্যাক্ট") মোতাবেক।

নিউ ইয়র্ক রাজ্যের ডিগনিটি অ্যাক্ট স্বাক্ষর করে আইনে পরিণত হয় 2012 সালে যাতে স্কুলের চৌহদ্দির মধ্যে, একটি স্কুল বাসে এবং/অথবা স্কুলের অনুষ্ঠানের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিরাপদ এবং সহায়তপূর্ণ পরিবেশ দেওয়া যায় যা বৈষম্য, হয়রানি, সহপাঠীদের দ্বার অত্যাচার (বুলিং) মুক্ত এবং এটি সংশোধিত হয়েছিল 2013 সালে সাইবার-বুলিংকে অন্তর্ভুক্ত করতে।[1] এই আইন বলে যে DASA সম্পর্কে ছাত্র-ছাত্রী, বাবা-মায়ের ভূমিকায় ব্যক্তিরা এবং কর্মীদের তথ্য প্রদান করতে এবং নীতি ও পদ্ধতি তৈরি করতে যাতে একটি নিরাপদ স্কুলের পরিবেশ গড়ে তোলা যায়। বিশেষ করে, DASA বলে যে স্কুল ডিস্ট্রিক্টগুলি একটি আচরণবিধি তৈরি করবে যাতে একটি ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে অন্য ছাত্র/ছাত্রী বা স্কুলের কর্মী দ্বারা হয়রানি, সহপাঠী দ্বারা অত্যাচার (বুলিং এবং সাইবার বুলিং) এবং বৈষম্য নিষিদ্ধ করা যায়, আর তাছাড়াও সংস্থান গড়ে তুলতে যাতে বৈষম্য ও হয়রানির ঘটনায় পদক্ষেপ গ্রহণ করা যায় এবং সেগুলিকে NYSED -র কাছে রিপোর্ট করা যায়।

যেমন নিচে বর্ণনা দেওয়া আছে, NYSED, এবং তার সাথে নিউ ইয়র্ক প্রদেশ অফিস অফ দ্য অ্যাটর্নি জেনারেল ("OAG"), নির্দেশিকা ও রিসোর্স জারি করেছে যাতে স্কুলের কর্মী, ছাত্র-ছাত্রী, এবং বাবা-মা -রা হয়রানি, সহপাঠী দ্বারা অত্যাচার (বুলিং) এবং বৈষম্যের ঘটনা জানাতে এবং তার প্রতিকার পেতে সাহায্য পেতে পারেন। NYSED এবং OAG দ্বারা আগস্ট 2016 -তে জারী করা একটি যৌথ নির্দেশিকা নথিতে অন্তর্ভুক্ত আছে একটি নমুনা ফর্ম, যার দ্বারা DASA রিপোর্ট এবং তদন্ত করা যায়।[2] এই গুরুত্বপূর্ণ কাজের সাথে ডিপার্টমেন্ট স্কুল ও পরিবারগুলিকে মনে করিয়ে দিতে চায় যে DASA এবং নিরাপদ ও সহায়তাপূর্ণ স্কুলগুলি সংক্রান্ত নির্দেশিকা ও প্রযুক্তিগত সহায়তা পাওয়া যাবে ডিপার্টমেন্ট থেকে।

DASA সম্পর্কে প্রশ্ন আছে এমন ডিস্ট্রিক্ট, বাবা-মা, এবং অভিভাবকদের NYSED উৎসাহিত করে NYSED-র সাথে যোগাযোগ করতে, সঠিক তদন্তের প্রোটোকল বা ক্রম এবং নিরাপদ ও সহায়তাকারী স্কুলের পরিবেশ তৈরি ও রক্ষণাবেক্ষণ করতে আদর্শ পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকা ও প্রযুক্তিগত সহায়তা পেতে। ডিপার্টমেন্টের সাথে সঙ্গে যোগাযোগ করা যাবে এইভাবে:

---

[1] ডিগনিটি অ্যাক্ট সংক্রান্ত অতিরিক্ত নির্দেশিকা ও সহায়তার জন্য অনুগ্রহ করে দেখুন এই ওয়েবসাইটটি, http://www.p12.nysed.gov/dignityact/

[2] এই নির্দেশিকাটি পাওয়া যাবে এখানে http://www.p12.nysed.gov/dignityact/documents/SED-AGLttrandGuidance8-31-16.pdf

- অফিস অফ দ্য বাইলিঙ্গুয়াল এডুকেশন অ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস (OBEWL) ফোনে (718) 722-2445 নম্বরে অথবা ই-মেলে obewl@nysed.gov ঠিকানায়, *অথবা*
- অফিস অফ দ্য স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস (SSS) ফোনে (518) 486-6090 নম্বরে অথবা ই-মেলে studentsupportservices@nysed.gov ঠিকানায়।

এছাড়াও, DASA সংক্রান্ত প্রশ্ন যাদের আছে এমন ব্যক্তিদের, যাঁদের ভাষা সংক্রান্ত সাহায্যের প্রয়োজন, তাঁরা যোগাযোগ করতে পারবেন ল্যাঙ্গুয়েজ রিজিওনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন রিসোর্স নেটওয়ার্ক (RBERN) পেরেন্ট হটলাইনের মাধ্যমে, যা আছে নিউ ইয়র্ক ইউনিভার্সিটিতে ("NYU"):

- অনুসন্ধান ফর্ম পূরণ করে এখানে
- ফোন: (800) 469-8224
- ফ্যাক্স: (212) 995-4199
- ই-মেল: nysparenthotline@nyu.edu
- ডাকের ঠিকানা: NYS ELL Parent Hotline Team<br>c/o NYS Statewide Language RBERN at NYU MetroCenter<br>726 Broadway – 5th Floor<br>New York, NY 10003

ব্যক্তিরা একটি ডিস্ট্রিক্টের পদক্ষেপের বিরুদ্ধ আপিল করতে পারবেন এডুকেশন ল (শিক্ষা আইন) ধারা §310 মোতাবেক। এডুকেশন ল ধারা §310 বিবৃত করে যে, স্কুল ডিস্ট্রিক্ট মিটিংয়ে অথবা স্কুল কর্তৃপক্ষের নেওয়া কোনো সিদ্ধান্তের কারণে যদি কোনো পক্ষরা নিজেদের অসুবিধাজনক পরিস্থিতিতে অনুভব করেন তবে তারা সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে আপিল করতে পারবে কমিশনার অফ এডুকেশনের কাছে। আপিল নথিভুক্ত করার জন্য তথ্য পাওয়া যাবে ইংরেজি, স্প্যানিশ, আরবি, চিনা (সরলিকৃত), বাংলা এবং হাইতীয় ক্রেওলে, এখানে: www.counsel.nysed.gov।

অনুগ্রহ করে মনে রাখবেন যে ডিপার্টমেন্ট ব্যক্তিগত স্তরে চিহ্নিতকরণযোগ্য ছাত্র/ছাত্রীর তথ্যের সুরক্ষা করতে অঙ্গীকারবদ্ধ এবং তারা এই সমস্ত তথ্য সংরক্ষণ করে থাকেন প্রযোজ্য গোপনীয়তা আইন ও নিয়মবিধি মোতাবেক, যাতে অন্তর্ভুক্ত আছে কেন্দ্রীয় ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (ফেডেরাল পারিবারিক শিক্ষা অধিকার আর গোপনীয়তা আইন। ("FERPA")।

ডিপার্টমেন্ট বাবা-মা, অভিভাবক এবং অন্যান্য আগ্রহী ব্যক্তিদের জন্য DASA সংক্রান্ত রিসোর্স জারী করবে, যা নিউ ইয়র্ক প্রদেশের প্রধান দশটি ভাষায় পাওয়া যাবে।

এছাড়াও, NYSED চিহ্নিত করেছে নিম্নলিখিত রিসোর্স ও উপায়গুলি যা স্কুলের কর্মী, ছাত্র-ছাত্রী, বাবা-মা এবং কমিউনিটিদের সাহায্য করতে পারে। অনুগ্রহ করে এই সহায়তাগুলি ব্যবহার করুন যেখানে প্রযোজ্য হবে, এবং আমাদের সাথে যোগদান করুন যাতে সমস্ত শিশুদের নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিত করা যায় এই উপাদানগুলিকে আপনাদের স্কুলের কমিউনিটির লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ করে:

- ডিস্ট্রিক্ট সুপারভাইজারদের NYSED এবং NYS অ্যাটর্নি জেনারেল-এর চিঠি এবং নির্দেশিকা: http://www.p12.nysed.gov/dignityact/documents/SED-AGLttrandGuidance8-31-16.pdf
- আমাদের স্কুলে সহপাঠীদের দ্বারা অত্যাচার (বুলিং), হয়রানি, ভীতি প্রদর্শন এবং বৈষম্য: http://www.p12.nysed.gov/dignityact/documents/PreventBullyingInYourSchool_Nov2016.pdf
- স্কুলের কর্মীদের প্রশিক্ষণে সহায়তা করতে আদর্শ প্রশিক্ষণ সামগ্রী: https://ag.ny.gov/sites/default/files/dasa_training_materials_final_-_8.30.16.pdf
- ডিগনিটি ফর অল স্টুডেন্ট অ্যাক্ট, যাতে অন্তর্ভুক্ত হবে "স্কুলের প্রশাসক ও শিক্ষকদের জন্য রিসোর্স এবং প্রতিশ্রুতিসম্পন্ন আচরণ নির্দেশিকা" সঙ্গে অতিরিক্ত নির্দেশিকা এবং উপাদানগুলি যাতে নিরাপদ ও সহায়ক স্কুল তৈরি করা যায়: http://www.p12.nysed.gov/dignityact
- নিউ ইয়র্ক স্টেট সেন্টার ফর স্কুল সেফটি -র দ্রুত লিঙ্ক রিসোর্সগুলি যাতে সহিষ্ণুতার পরিবেশ গড়ে তোলা শেখানো যায় এবং শিক্ষার জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করা যায়: http://www.nyscfss.org/#!quick-links/c13iz
- স্কুলের এমার্জেন্সি রেসপন্স (জরুরীকালীন প্রতিক্রিয়া) পরিকল্পনা এবং স্কুলের জন্য মানসিক স্বাস্থ্য রিসোর্স সংক্রান্ত NYSED তথ্য: http://www.p12.nysed.gov/sss/ssae/schoolsafety/save/

- নিউ ইয়র্ক স্টেট সেন্টার ফর স্কুল হেল্থ -এর সাম্প্রতিক মানসিক স্বাস্থ্য এবং কাউন্সেলিং রিসোর্স পৃষ্ঠা: https://www.schoolhealthny.com/site/default.aspx?PageType=3&ModuleInstanceID=190&ViewID=7b97f7ed-8e5e-4120-848f-a8b4987d588f&RenderLoc=0&FlexDataID=108&PageID=126

আমরা আবারও আপনাদের ধন্যবাদ জানাচ্ছি, নিউ ইয়র্ক প্রদেশ জুড়ে প্রতিদিনে আমাদের ছাত্র-ছাত্রী, পরিবার এবং কমিউনিটিদের সাহায্য করার জন্য। যখন আমরা একসাথে দাঁড়াব, আমরা নিশ্চিত করতে পারব যে আমাদের ছাত্র-ছাত্রীরা এবং স্কুল কমিউনিটি নিরাপদ বোধ করে এবং তাদের স্কুলের পরিবেশে সহায়তাপ্রাপ্ত হতে পারে। সব সময়ের মতো, যদি আপনাদের এই গুরুত্বপূর্ণ বিষয়গুলির কোনোটি আলোচনা করতে হয় অথবা কোনো দুশ্চিন্তার কথা জানাতে হয়, তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন অফিস অফ দ্য স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস-এর সাথে 518-486-6090 নম্বরে, অথবা studentsupportservices@nysed.gov ইমেল ঠিকানায় অথবা অফিস অফ দ্য বাইলিঙ্গুয়াল এডুকেশন অ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস -এর সাথে 718-722-2445 নম্বরে, অথবা obewl@nysed.gov ইমেল ঠিকানায়।